গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

## সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব সেলিনা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, ভালুকা, ময়মনসিংহ।
সভার স্থান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ১৭/১১/২০২১ খ্রিঃ, সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিব কে ভালুকা সমাজকল্যাণ বিষয়ক কি কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা সভাকে অবহিত করার জন্য অনুরোধ জানান।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | সভাপতি জানান যে, হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির জন্য প্রকল্প বাস্তবায়ন করতে হবে। তাছাড়া মানসিক প্রতিবন্ধী ব্যক্তিদের ও ক্যান্সার, কিডনী ও লিভার সিরোসিস আক্রান্তরোগীর আর্থিক সহায়তা প্রদানের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, ভালুকাকে নির্দেশনা প্রদান করেন।<br>এসিডদগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন এবং বেসরকারি এতিমখানা সমূহের ক্যাপিটেশন গ্র্যান্ট ও মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা এবং বয়স্ক ভাতার ও বিধবা ও স্বামী পরিত্যক্তা অসহায় দুঃস্থ মহিলা ভাতা প্রদান এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে বাস্তবায়ন করতে হবে।<br>তিনি আও জানান যে, প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ, ধরন ও মাত্রা নিরুপন এবং সনদ ও পরিচয়পত্র প্রদানের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দিতে হবে এবং আরও জানান যে, শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের বৃত্তিমূলক প্রশিক্ষণ, কর্মসংস্থানের পুনর্বাসন জোরদার করতে হবে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | উপজেলা সমাজসেবা অফিসার, ভালুকা অদ্যকার সভায় জানান যে, বর্তমান করোনা মহামারীতেও বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। সরকার ঘোষিত সাধারণ ছুটিতেও অত্র অফিসের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ নিয়মিত অফিসে উপস্থিত থেকে সেবা দিচ্ছে । | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সেলিনা আক্তার )
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভালুকা।

স্মারক নং-সমাজসেবা/ভা.ম/২০২১-
তারিখঃ ১৭/১১/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। উপ-পরিচালক স্থানীয় সরকার , ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৫। চেয়ারম্যান..........................................ইউপি, ভালুকা, ময়মনসিংহ।

উপজেলা সমাজসেবা অফিসার
ভালুকা, ময়মনসিংহ।